

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৭/২০১৪

অভিযোগকারী : জনাব আ. আ. ম. একরামুল হক আসাদ  
সম্পাদক ও প্রকাশক  
নির্ভীক সংবাদ, ৫৭ পূর্ব তেজতুরী বাজার  
রহমান ম্যানশন(৪র্থ তলা)  
ফার্মগেট, ঢাকা-১২১৫।

প্রতিপক্ষ : জনাব মোঃ হাফিজুর রহমান  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৯-০৪-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব আ. আ. ম. একরামুল হক আসাদ তার আবেদনে জানান যে, ইতোপূর্বে তার দাখিলকৃত ৯১/২০১৩ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক তথ্য সরবরাহ করার নির্দেশ দেয়া হলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ করেননি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তথ্য সরবরাহ না করায় প্রার্থীত তথ্য পেতে অভিযোগকারী পুনরায় ০৫-০২-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০২। বিষয়টি কমিশনের ০৬-০৩-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৪-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মঞ্জুর করা হয়। ২৯-০৪-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব আ. আ. ম. একরামুল হক আসাদ ও প্রতিপক্ষ সদর উপজেলা সাতক্ষীরা এর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ হাফিজুর রহমান হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) পূর্বের যাচিত তথ্যের 'ক' অংশের মিলের নাম ও ঠিকানা ব্যতীত 'ক' অংশের অবশিষ্ট তথ্য ও 'খ' অংশের তথ্য প্রদান করেছেন। সম্পূর্ণ তথ্য প্রাপ্তির জন্য তিনি তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দাখিল করেন।

০৫। সাতক্ষীরা জেলার সদর উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হিসেবে নতুন দায়িত্ব পেয়েছেন। যাচিত তথ্যের মধ্যে 'ক' অংশের মিলের নাম ও ঠিকানা ব্যতীত 'ক' এর অবশিষ্ট তথ্য ও 'খ' অংশের তথ্য সরবরাহ করেছেন। কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগকারীর অবশিষ্ট তথ্য আগামী ০৭ (সাত) দিনের মধ্যে সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন।

০৬। কোন সালের মিলের বরাদ্দের পরিমাণ জানতে চেয়েছেন কমিশনের এমন প্রশ্নের জবাবে অভিযোগকারী জানান যে, তিনি ২০১৩ সালের তথ্য জানতে চাচ্ছেন।

(অ: পৃ: দ্র:)

## পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীর প্রার্থিত তথ্যাদির আংশিক তথ্য সরবরাহ করা হয়েছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীর প্রার্থিত অবশিষ্ট তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১১-০৫-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত মিলের নাম, ঠিকানা এবং ২০১৩ সালের বরাদ্দের পরিমান সরবরাহ করার জন্য সাতক্ষীরা জেলার সদর উপজেলার খাদ্য নিয়ন্ত্রক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. সাদেকা হালিম)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ আবু তাহের)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার